"শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ শিশু একাডেমি
দোয়েল চত্বর সড়ক
শাহবাগ, ঢাকা-১০০০
www.shishuacademy.gov.bd

স্মারক নং : ৩২.০৩.০০০০.৪০১.২৩.০১৯.২২-২২৮৪(২১০০) তারিখ : ১৮.০৯.২০২২ খ্রি.

বিষয় : শেখ রাসেল দিবস ২০২২ উদযাপন উপলক্ষ্যে কর্মসূচি বাস্তবায়ন প্রসঙ্গে।

বাংলাদেশ শিশু একাডেমির উদ্যোগে শেখ রাসেল দিবস ২০২২ উদযাপন উপলক্ষ্যে আগামী ১৮ অক্টোবর ২০২২ মঙ্গলবার বিভিন্ন কর্মসূচির আয়োজন করা হয়েছে। নিম্নলিখিত নির্দেশনা অনুযায়ী কর্মসূচি বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো :

কর্মসূচি :

১। রচনা প্রতিযোগিতা :

'ক' বিভাগ : ৩য় থেকে ৫ম শ্রেণি, বিষয় : রাসেল আমার বন্ধু।
'খ' বিভাগ : ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি, বিষয় : শেখ রাসেল।
'গ' বিভাগ : ৯ম থেকে ১০ম শ্রেণি, বিষয় : আমার ভাবনায় শেখ রাসেল।

২। চিত্রাংকন প্রতিযোগিতা :

'ক' বিভাগ : ১ম থেকে ৪র্থ শ্রেণি, বিষয় : ইচ্ছেমতো।
'খ' বিভাগ : ৫ম থেকে ৭ম শ্রেণি, বিষয় : শুভ জন্মদিন শেখ রাসেল।
'গ' বিভাগ : ৮ম থেকে ১০ম শ্রেণি, বিষয় : রাসেলের জন্য ভালবাসা।
'ঘ' বিভাগ : বিশেষ চাহিদাসম্পন্ন শিশু (১ম থেকে ১০ম শ্রেণি), বিষয় : ইচ্ছেমতো।

সময়সূচি :

ক. থানা/উপজেলা পর্যায়	- ২৩ সেপ্টেম্বর থেকে ২৫ সেপ্টেম্বর ২০২২
খ. জেলা পর্যায়	- ২৯ সেপ্টেম্বর থেকে ৩০ সেপ্টেম্বর ২০২২
গ. বিভাগীয় পর্যায়	- ০৭ অক্টোবর থেকে ০৮ অক্টোবর ২০২২
ঘ. জাতীয় পর্যায়	- ১৩ অক্টোবর থেকে ১৪ অক্টোবর ২০২২

* প্রতিযোগিতা পরিচালনার জন্য অর্থ বরাদ্দ পরবর্তীতে জানানো হবে।
* প্রতিযোগিতা পরিচালনার নিয়মাবলি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

সংযুক্ত নিয়মাবলি অনুযায়ী শেখ রাসেল দিবস ২০২২ উদযাপনের জন্য উল্লিখিত কর্মসূচিসমূহ বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো।

মো: শরিফুল ইসলাম
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
বাংলাদেশ শিশু একাডেমি
ই-মেইল : dgbsa22@gmail.com

জেলা প্রশাসক
ও
সভাপতি
বাংলাদেশ শিশু একাডেমি
---------- (সকল)

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. বিভাগীয় কমিশনার,---------- বিভাগ।
২. মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য :

প্রতিযোগিতা পরিচালনা নিয়মাবলি

প্রতিবছর ১৮ অক্টোবর শেখ রাসেল দিবস ব্যাপক উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে উদযাপন করা হয় । ভবিষ্যৎ বাংলাদেশের কর্ণধার তথা বর্তমান প্রজন্মের শিশু-কিশোরদের উন্নত বাংলাদেশের নাগরিক হিসেবে প্রতিষ্ঠিত করার প্রত্যয়ে তাদের মাঝে শেখ রাসেলের স্মৃতি অম্লান রাখার জন্য এ বছরও সারাদেশব্যপী ব্যাপক কর্মসূচি গ্রহণ করা হয়েছে। আগামীর বাংলাদেশকে নেতৃত্ব দানে শেখ রাসেলের দীপ্ত প্রত্যয়কে হৃদয়ে ধারণ করে শিশুরা সোনার বাংলাদেশ গড়ার শক্তিতে বলিয়ান হবে।

এই উপলক্ষ্যে শিশুদের মাঝে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। শ্রেণি অনুযায়ী আগ্রহী শিশুরা এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে। তৃণমূল পর্যায়ের শিশুদের অংশগ্রহণের লক্ষ্যে এ প্রতিযোগিতা উপজেলা থেকে শুরু হয়ে পর্যায়ক্রমে জাতীয় পর্যায়ে সমাপ্ত হবে।

নিম্নবর্ণিত নিয়মাবলি অনুসরণ পূর্বক প্রতিযোগিতা পরিচালিত হবে:

প্রতিযোগিতা পরিচালনার নিয়মাবলি :

* উপজেলাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের আগ্রহী শিশুরা এ প্রতিযোগিতায় সরাসরি অংশগ্রহণ করতে পারবে। উপজেলা পর্যায়ে প্রতিটি বিষয়ে প্রতিটি বিভাগে প্রথম স্থান অধিকারীর লিখিত রচনা ও আঁকা ছবিসহ নামের তালিকা মূল্যায়নকারী প্যানেলের স্বাক্ষর এবং উপজেলা নির্বাহী অফিসারের প্রতিস্বাক্ষরসহ জেলা পর্যায়ে মূল্যায়নের জন্য প্রেরণ করতে হবে।

* জেলা পর্যায়ে প্রথম স্থান অধিকারীর লিখিত রচনা ও আঁকা ছবিসহ নামের তালিকা মূল্যায়নকারী প্যানেলের স্বাক্ষর এবং জেলা শিশু বিষয়ক কর্মকর্তার স্বাক্ষরসহ বিভাগীয় পর্যায়ে মূল্যায়নের জন্য বিভাগীয় জেলায় প্রেরণ করতে হবে।

*বিভাগীয় পর্যায়ে প্রথম স্থান অধিকারীর লিখিত রচনা ও আঁকা ছবিসহ নামের তালিকা মূল্যায়নকারী প্যানেলের স্বাক্ষর এবং জেলা শিশু বিষয়ক কর্মকর্তার স্বাক্ষরসহ জাতীয় পর্যায়ে মূল্যায়নের জন্য কেন্দ্রীয় কার্যালয়ে প্রেরণ করতে হবে।

প্রতিযোগিতার বিভাগ ও বিষয়সমূহ:

রচনা প্রতিযোগিতা :

'ক' বিভাগ : ৩য় থেকে ৫ম শ্রেণি, বিষয় : রাসেল আমার বন্ধু।
'খ' বিভাগ : ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি, বিষয় : শেখ রাসেল।
'গ' বিভাগ : ৯ম থেকে ১০ম শ্রেণি, বিষয় : আমার ভাবনায় শেখ রাসেল।

ক' বিভাগের প্রতিযোগিতায় রচনা সর্বোচ্চ ৫০০ শব্দের মধ্যে, 'খ' বিভাগের প্রতিযোগিতায় রচনা সর্বোচ্চ ৭০০ শব্দের মধ্যে এবং 'গ' বিভাগের প্রতিযোগিতায় রচনা সর্বোচ্চ ১,০০০ শব্দের মধ্যে হতে হবে।

চিত্রাংকন প্রতিযোগিতা :

'ক' বিভাগ : ১ম থেকে ৪র্থ শ্রেণি, বিষয় : ইচ্ছেমতো।
'খ' বিভাগ : ৫ম থেকে ৭ম শ্রেণি, বিষয় : শুভ জন্মদিন শেখ রাসেল।
'গ' বিভাগ : ৮ম থেকে ১০ম শ্রেণি, বিষয় : রাসেলের জন্য ভালবাসা।
'ঘ' বিভাগ : বিশেষ চাহিদাসম্পন্ন শিশু (১ম থেকে ১০ম শ্রেণি), বিষয় : ইচ্ছেমতো।

চিত্রাংকনের সকল বিভাগের কার্টিজ পেপার এর দৈর্ঘ্য ১৬" (ষোল ইঞ্চি/৪০ সে:মি:) এবং প্রস্থ ১১" (এগার ইঞ্চি/২৮ সে:মি:) হবে।

চিত্রাংকনের মাধ্যম :- জল রং/প্যাস্টেল রং/ পোস্টার রং